দৈনিক
ইত্তেফাক

তারিখ : 18 AUG 2016
পৃষ্ঠা ... ৭ ... কলাম ...

# প্রধানশিক্ষক ও সভাপতির বিরুদ্ধে অনিয়মের তদন্ত প্রতিবেদন দাখিল

■ চিতলমারী (বাগেরহাট) সংবাদদাতা

উপজেলার এসএম মডেল মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক ও সভাপতির বিরুদ্ধে অনিয়মের তদন্ত প্রতিবেদন উপজেলা নির্বাহী কর্মকর্তা বরাবরে দাখিল করা হয়েছে। প্রতিবেদনের আলোকে ব্যবস্থা নেয়া হবে।

উপজেলার অন্যতম বিদ্যাপীঠ এসএম মডেল মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক রমেন্দ্র নাথ মল্লিক ও ম্যানেজিং কমিটির সভাপতি হাবিবুর রহমান শেখের বিরুদ্ধে নানা অনিয়মের বিষয়ে উপজেলা নির্বাহী কর্মকর্তার কাছে একটি লিখিতি অভিযোগ দায়ের করা হয়েছে। বিষয়টি নিয়ে ৩ সদস্য বিশিষ্ট একটি তদন্ত কমিটি গঠন করা হয়। এ বিষয়ে বিদ্যালয়ের ম্যানেজিং কমিটির সভাপতি হাবিবুর রহমান শেখ ও প্রধান শিক্ষক রমেন্দ্র নাথ মল্লিকের সাথে কথা হলে পরস্পর বিরোধী বক্তব্য পাওয়া গেছে। এ ব্যাপারে উপজেলা নির্বাহী কর্মকর্তা মো. আনোয়ার পারভেজ জানান, এ বিষয়ে তার কাছে তদন্ত প্রতিবেদন জমা দেয়া হয়েছে। বিষয়টি খতিয়ে দেখা হচ্ছে। উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা মো. মফিজুর রহমান জানান, বিষয়টি তদন্ত করে ইউএনও বরাবর প্রতিবেদন দাখিল করা হয়েছে। এ প্রতিবেদনের আলোকে ব্যবস্থা গ্রহণ করা হবে।